



নেপালকে হারিয়ে সাফ অনূর্ধ্ব-২০ ফাইনালে বাংলাদেশ



নেপাল-বাংলাদেশ সেমিফাইনাল ফুটবল। ছবি: সংগৃহীত

সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে দুর্দান্ত জয় তুলে নিয়ে ফাইনালে জায়গা করে নিয়েছে বাংলাদেশ। সেমিফাইনালে নেপালকে ১-০ গোলে হারায় যুবারা। ম্যাচের একমাত্র গোলটি করেন মানিক।

বুধবার (১ এপ্রিল) মালদ্বীপের মালেতে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে বাংলাদেশ। ম্যাচের ১১ মিনিটেই আসে কাজিফত লিড। ডান দিক থেকে মোরশেদ আলীর নিখুঁত ক্রসে ডি-বক্সে দারুণ হেডে গোল করেন মানিক।

এর কিছুক্ষণ পরই সুলিভানের শক্তিশালী শটে আবারও উল্লাসে ভাসে গ্যালারি, তবে অফসাইডের কারণে সেই গোলটি বাতিল হয়ে যায়।

প্রথমার্ধে এক গোলার ব্যবধান ধরে রেখে বিরতিতে যায় বাংলাদেশ। দ্বিতীয়ার্ধে আর কোনো গোল না হলেও রক্ষণভাগের দৃঢ়তায় জয় নিশ্চিত করে মাঠ ছাড়ে দলটি।

২০২৪ সালের আসরে অপরািজিত চ্যাম্পিয়ন হয়েছিল বাংলাদেশ। এবারও শিরোপা ধরে রাখার লক্ষ্য নিয়েই টুর্নামেন্টে নেমেছে